অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লং আইল্যান্ডে 175টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি এবং সংরক্ষণ করার জন্য 24.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার কথা ঘোষণা করেছেন

রাজ্য জুড়ে 2,185 টি সাশ্রয়ী মূল্যের গৃহ প্রদান করার জন্য 175 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 24.8 মিলিয়ন মার্কিন ডলার লং আইল্যান্ডে তিনটি সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নয়নের জন্য প্রদান করা হয়েছে যা 175 টি সাশ্রয়ী গৃহ নির্মাণ করবে বা সংরক্ষণ করবে। এই অর্থায়ন 175.4 মিলিয়ন মার্কিন ডলারের অংশ যা রাজ্য 2,185 টিরও বেশি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট নির্মাণ বা সংরক্ষণ করতে এবং নিউ ইয়র্কের 10টি অঞ্চলের সমাজগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য প্রদান করছে।

"এই গুরুত্বপূর্ণ বিনিয়োগগুলি পরিবার, ভেটেরান্স, গরিষ্ঠ এবং আমাদের বেশির ভাগ দুর্বল প্রতিবেশীদের জন্য সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি ও সংরক্ষণ করে রাজ্যের প্রতিটি কোণে সমাজগুলিকে শক্তিশালী করবে", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্ক জুড়ে এলাকাগুলিকে কৌশলগতভাবে পুনরুজ্জীবিত করার মাধ্যমে, আমরা এই সম্প্রদায়গুলিকে নতুন জীবন দান করতে পারি, যা এগুলিকে বহু প্রজন্ম ধরে এক প্রাণবন্ত বাসস্থান করে তুলবে।"

"এই গুরুত্বপূর্ণ অর্থায়ন রাজ্য জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসন যোগ করার এবং বজায় রাখার উদ্দেশ্যে আমাদের প্রচেষ্টার একটি অংশ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা নিশ্চিত করতে চাই যে সকল নিউ ইয়র্কবাসী যেন সাশ্রয়ী, মানসম্পন্ন আবাসন প্রাপ্ত হবার সুযোগ পান, সমাজগুলিকে পুনরুজ্জীবিত করার খহেত্রে তাদের অবদান রাখার সাথে সাথে। গৃহহীনতার মোকাবেলা এবং জীবনযাত্রার মান উন্নত করার উদ্দেশ্যে এলাকাগুলির মধ্যে সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন যোগ করার জন্য বিনিয়োগটি আমাদের 20 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার অংশ।"

সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করার জন্য গভর্নরের যে অঙ্গীকার তা স্টেটের এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় (Housing Plan) প্রতিফলিত হয়। এই পরিকল্পনা আবাসন সহজলভ্য করে এবং 100,000 ইউনিট সাশ্রয়ী আবাসন ও 6,000টি সমর্থক আবাসন তৈরি করা এবং সংরক্ষণ করার মাধ্যমে গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের 2018 সালের ইউনিফায়েড ফান্ডিং অ্যাপ্লিকেশনের (New York State Homes & Community Renewal's 2018 Unified Funding Application) মাধ্যমে উপলব্ধ করা হয়েছিল, যা লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Low-Income Housing Tax Credits) এবং সাশ্রয়ী, বহু-পারিবারিক উন্নয়নের জন্য নিম্ন সুদে ঋণের জন্য আবেদন করার একটি সুষ্ঠু প্রক্রিয়া। রাজের প্রতিটি অঞ্চলে প্রকল্পগুলি অর্থায়ন করা হয়।

লং আইল্যান্ডে প্রদান করা অর্থায়ন গৃহহীন প্রাপ্তবয়স্ক, গরিষ্ঠ, ভেটেরান্স এবং অক্ষমতা সহ ব্যক্তিদের এবং তার সাথে সর্বজনীন পরিবহণের কাছাকাছি সাশ্রয়ী এবং সহায়ক পরিষেবাদি সহ আবাসন প্রদানের রাজ্যের যে লক্ষ্য আছে তা অর্জন করবে। আজ ঘোষিত অ্যাওয়ার্ডগুলির মধ্যে রয়েছেঃ

- ব্রুকহ্যাভেন শহরের বেলপোর্টে গ্লেনঈগল গ্রীনের জন্য 9.2 মিলিয়ন মার্কিন ডলার, 70টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করার জন্য, যার মধ্যে 11টি পরিবহণ ভিত্তিক উন্নয়নে অক্ষমতা সহ ব্যক্তিদের পরিষেবা প্রদান করবে।
- সাউথাম্পটন শহরের কনসার্ন সাউথাম্পটনের জন্য 8.9 মিলিয়ন মার্কিন ডলার, অক্ষমতা সহ ভেটেরান্স, মানসিক অক্ষমতা সহ ব্যক্তি এবং মনস্তাত্ত্বিক অক্ষমতা সহ ভেটারান্সদের জন্য 60টি সহায়ক গৃহ তৈরি করার জন্য।
- ফ্রিপোর্ট গ্রামের বার্জেন প্লেসের জন্য 6.7 মিলিয়ন মার্কিন ডলার, 45টি গরিষ্ঠ ও সহায়ক গৃহ নির্মাণ তৈরি করার জন্য। 14টি অ্যাপার্টমেন্ট পূর্বে গৃহহীন দুর্বল বা বয়স্ক গরিষ্ঠদের জন্য সংরক্ষিত রাখা হবে।

রাজ্যব্যাপী প্রদান করা অর্থায়নের একটি সম্পূর্ণ তালিকা এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "রাজ্য জুড়ে প্রদান করা 175 মিলিয়ন মার্কিন ডলারের অংশ হল আজকের বিনিয়োগের ঘোষণা যা গভর্নর কুওমো 2011 সাল থেকে নিউ ইয়র্কের সমাজগুলির উন্নতির জন্য যে ভরবেগ ও অভূতপূর্ব সংস্থানগুলির প্রতিশ্রুতি করেছিলেন, তার উপর গড়ে তোলে। গভর্নর কুওমোর নেতৃত্বে, আমরা সাশ্রয়ী ও সহায়ক আবাসনের অ্যাক্সেস বৃদ্ধি করতে, গৃহহীনতা হ্রাস করতে, এলাকাগুলি পুনরুজ্জীবিত করতে এবং স্থানীয় অর্থনীতিগুলিকে শক্তিশালী করার জন্য আগের চেয়ে আরও বেশি কিছু করছি।"

সিনেট আবাসন কমিটির (Senate Housing Committee) প্রধান সিনেটর ব্রায়ান ক্যাভানাগ বলেন, "আমাদের নিশ্চিত করা দরকার যে পুরো রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের ভাল, নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের বাসস্থানের অ্যাক্সেস রয়েছে এবং আজকের ইউনিফায়েড ফান্ডিং (Unified Funding) পুরষ্কারের ঘোষণা আমাদের সমাজগুলিকে পুনরুজ্জীবিত করার উদ্দেশ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই তহবিলটি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি এবং সংরক্ষণ করতে এবং মানুষদের সেই এলাকায় রাখতে সহায়তা করবে যাকে তারা বাড়ি বলেন।"

সেনেটর জন ব্রুকস বলেন, "আমাদের মধ্যে অনেকের, যাদের সামর্থ্য এবং সহায়তামূলক প্রয়োজনীয় ব্যবস্থাগুলির অ্যাক্সেসের পাবার জন্য সংগ্রাম করতে হয়, তাদের জন্য উচ্চমানের জীবন সুরক্ষিত করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমি এই উদ্যোগের জন্য গভর্নরকে অভিনন্দন জানাচ্ছি

এবং আমাদের এলাকাগুলিকে আরো শক্তিশালী করার জন্য কাজ করার জন্য তার পাশে দাঁড়াই যাতে পারিবার, বন্ধুত্ব ও সমাজ আরো বেশি সবার নাগালের মধ্যে আসে।"

সেনেটর মনিকা মার্টিনেজ বলেছেন, "জীবনযাত্রার খরচ যখন বেড়ে উঠছে, লং আইল্যান্ডে থাকা সমস্ত জনগোষ্ঠির জন্য সম্ভবপর করার জন্য আমাদের সমাজগুলিকে সহায়তা প্রদান করা গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলি সদস্য ও অ্যাসেম্বলির আবাসন কমিটির (Assembly Housing Committee) প্রধান স্টিভেন সিমব্রোয়িজ বলেন, "এই উদ্যোগ সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন ভান্ডার তৈরি এবং সংরক্ষণের জন্য আমাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতাকে এগিয়ে নিয়ে যায়, বিশেষত আমাদের সব চেয়ে দুর্বলদের জন্য। আমি খুশি যে এই প্রকল্পটি গরিষ্ঠদের, অল্পবয়সী প্রাপ্তবয়স্কদের এবং অন্যান্য নিউ ইয়র্কবাসীদের আমাদের সম্প্রদায়ের অত্যাবশ্যক এবং বিজড়িত সদস্য থাকার ক্ষমতা প্রদান করবে।"

সংসদ সদস্য জোসেফ ডি স্টিফানো বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসন সর্বদা একটি গুরুতর প্রয়োজন, এবং এই কারণে আমি নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনের সব চেয়ে বড় সময়ে এই প্রয়োজনীয়তা প্রদান করার জন্য ব্রুকহ্যাভেন শহরে হওয়া কাজ দেখে খুব গর্বিত। আমাদের সমাজগুলিকে শক্তিশালী করে, আমরা নিশ্চিত করতে পারি যে লং আইল্যান্ডের সমস্ত বাসিন্দারা – যুবক, বৃদ্ধ, এবং তাদের মধ্যে প্রত্যেকের – উন্নতির জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলি আছে।"

সংসদ সদস্য জুডি গ্রিফিন বলেন, "এই গুরুত্বপূর্ণ অর্থায়ন নিশ্চিত করবে যে লং আইল্যান্ডবাসীরা সেখানে বাস করার সামর্থ্য রাখতে পারবে। আমি খুবই আনন্দিত যে আমার জেলা বার্জেন পয়েন্ট, ফ্রিপোর্টে বসবাসকারী গরিষ্ঠ নাগরিকদের এবং গৃহহীন ব্যক্তিদের আবাসন প্রদান করা হবে এবং লং আইল্যান্ডের ভেটেরান্সরা এই অসাধারণ প্রোগ্রাম দ্বারা উপকৃত হবে। আমি লং আইল্যান্ডে সাশ্রয়ী মূল্যের বাসস্থান নির্মাণ ও সংরক্ষণের জন্য অর্থায়ন প্রদান করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

সংসদ সদস্য ফ্রেড ডব্লিউ থিয়েল বলেন, "অক্ষমতা সহ ভেটেরানদের এবং মানসিক অক্ষমতা সহ ব্যক্তিদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন ইস্ট এন্ডে স্বল্প এবং ফলে যে প্রতিকূল প্রভাব পড়ে তার মোকাবেলা অবশ্যই করতে হবে। আমি আনন্দিত যে গভর্নর আমাদের সমাজে নতুন, সহায়ক গৃহ তৈরির জন্য ৪.৭ মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নের সাথে এই গুরুত্বপূর্ণ আবাসনের ফাঁকটিকে স্বীকৃতি দিয়েছেন।"

###